গাংনীতে স্বাস্থ্য সেবার মান নিয়ে স্থানীয়দের ক্ষোভ

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবার মান নিয়ে উপজেলা বাসির মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা দেওয়ার নামে চলছে সাধারণ রোগীদের হয়রানি। তাছাড়া প্রতিষ্ঠানটির জেনারেটর, এমবুলেন্স সেবাও বন্ধ রয়েছে বলে সরেজমিনে দেখা যায়।

সেবার মানের বিষয়ে এর আগে কর্তব্যরত ডাক্তাররা সারাদেশের ন্যায় করোনা পরিস্থিতির মধ্যে নিরাপত্তার অভাবে সেবা দিতে নিজেরা নিরাপত্তাহীনতায় ভুগছিলেন বলে জানা যায়।

পরে ডাক্তারদের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের উদ্যোগে ও উপজেলা পরিষদের সহযোগিতায় ৪৫টি পি পি ই সর্বরহ করা হয় যাতে চিকিৎসকরা নির্ভয়ে মানুষকে সেবা দিতে পারে। এছাড়াও একটি ব্যবসায়ী প্রতিষ্ঠান আরও ৫টি পি পি ই প্রদান করেন।

এর পরও প্রতিষ্ঠানটিতে ডাক্তারের উপস্থিতিও থাকেনা বলে জানান নাম প্রকাশে অনিচ্ছুক প্রতিষ্ঠানটির সয়শ্লিষ্ট একজন।

প্রতিষ্ঠানটিতে দন্তরোগ বিশেষজ্ঞ ডা. সাদনান সাকিব গত বছর ডিসেম্বর মাসে যোগদানের পর থেকেই হাসাপাতালে অনুপস্থিত রয়েছেন। জানা যায় তিনি গাংনী চৌগাছা এলাকায় নিজ বাসাতে রোগী দেখেন নিয়মিত অথচ সরকারি বেতন সুবিধা নিয়েও হাসাপাতালে আসেননা। তবে এ বিষয়টিকে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এম রিয়াযুল ইসলাম অস্বীকার করে বলেন তিনি প্রতিদিনই অফিসে আসেন।

এদিকে গত শনিবার গাংনী পৌরসভার ৫নং ওয়ার্ড এর মালসাদহ এলাকার ইছারদ্দি নামের একটি রোগী অসুস্থ্য অবস্থায় স্বাস্থ্য কমপ্লেক্সে আসে প্রথমে তাকে কোন চিকিৎসক না দেখে জরুরী বিভাগেই ফেলে রাখে দেওয়া হয়না কোন ব্যবস্থা পত্র। স্বজনরা যখন ক্ষোভ প্রকাশ করতে থাকে ঐ মুহুর্তে কর্তব্যরত ডাক্তার রোগীর কাছে এসে তাকে ভর্তি করার পরামর্শ দিলে তাকে ভর্তি করা হয়। পরে তার অবস্থার অবনতি হলে ডাক্তার তাকে ইনজেকশন দিলে রোগীটি মৃত্যুর কোলে ঢোলে পড়ে। স্বজনদের অভিযোগ তাকে সময় মতো সেবা দিলে

তিনি আরও বলেন আমি এই উপজেলা বাসিকে স্বাস্থ্য সেবা খাতে অনেক কিছু দিয়ে যেতে চাই।

অভিযোগের তীর উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা রিয়াজুলের বিরুদ্ধে

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ানের নাম ভাঙ্গিয়ে ক্ষমতার দাপট দেখিয়ে রোগীর খাবার লুটপাট ও রোগীর স্বজনদের সাথে অসৌজন্য আচরন করছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম।

করোনা সংক্রামনের কারণে রোগীর সংখ্যা কম হলেও প্রতিদিনই ৫০ জনের খাদ্য কাগজ কলমে দেখিয়ে টাকা লুটপাট করছেন। লুটপাটের প্রতিবাদ করায় ইতোমধ্যে তিনজন ডাক্তারকে গাংনী হাসপাতাল ছাড়তে হয়েছে।

এদিকে ডা: রিয়াজুল আলমের বিরুদ্ধে অনিয়ম দূর্নীতির সংবাদ প্রকাশিত হওয়ার পর থেকে তার বিচারের দাবিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে নিন্দা ও প্রতিবাদের ঝড় উঠেছে। স্থানীয়রা জানায়, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অনিয়ম ও অব্যবস্থাপনা চরমে পৌছেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম যোগদানের পর থেকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ানের নিকট আত্নীয় পরিচয়ে ক্ষমতার দাপট দেখিয়ে ডাক্তার নার্স থেকে শুরু করে কর্মকর্তা কর্মচারীদের সাথে অসৌজন্য মুলক আচরণ করছেন। কর্তব্যরত চিকিৎসকদের সাথে অসদাচরণ করায় ইতোমধ্যে তিনজন ডাক্তার আমিরুজ্জামান আরেফীন, বুদাদীপ্ত দাস ও শাকিলা আফরোজ হাসপাতাল ছেড়েছেন বলে গুঞ্জন রয়েছে।

করেন ঐ কর্মকর্তা।

এদিকে হাসপাতাল ছেড়ে কয়েকজন কর্মকর্তা কর্মচারী জোট বেঁ◌েধ যেতে না চাইলে বদলীর হুমকি দিয়ে তাদের একত্রিত করা হয়। এ ঘটনার সংবাদ পেয়ে সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন হাসপাতাল চত্তরে উপস্থিত হয়ে রোগীদের চিকিৎসা সেবা বাদ দিয়ে কেন হাসপাতাল চত্তরে জড়ো হয়েছেন তা জানতে চান।

সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, সেবা বাদ দিয়ে একত্রিত হওয়া। সেবা বাদ দিয়ে হাসপাতালের সামনে জড়ো হওয়া ঠিক হয়নি বলে ক্ষোভ প্রকাশ করেন। আপনারা ডাক্তার মানুষ আপনাদের এত মাথা গরম কেন।

খুলনার স্থানীয় এক সিনিয়র সাংবাদিক বলেন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ানের ব্যাপক জনপ্রিয়তাকে কাজে লাগিয়ে অনেকেই নাম ভাঙ্গাতে পারে। তবে যারা মাননীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ানের নাম ভাঙ্গিয়ে ফায়দা লুটতে চাই তাদের বিরুদ্ধ ইতোপূর্বে ব্যবস্থাও নিয়েছেন তিনি।

ডা: রিয়াজুল আলমের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, রোগীর খাবারে বিষয় স্বাস্থ্য বিভাগ দেখবে এখানে সাংবাদিককে জবাব দিতে হবে কেন? আমার বিরুদ্ধে সংবাদ করিলে আমি মামলা করিবো।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দীননলেন, বিষয়টি আমি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সময় দিন।
এবিষয়ে প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান পিএস বলেন কেও আইনের উর্দ্ধে না, অনিয়ম করিলে তার বিচার হবে।

মেপ্র/এমএফআর

গাংনীতে বিনা চিকিৎসায় রোগীর

মৃত্যুর অভিযোগ, স্বজনদের বিক্ষোভ

মেহেরপুরের গাংনীতে বিনা চিকিৎসায় ইসরাফ হোসেন (৫০)নামের এক কৃষকের মৃত্যু হয়েছে বলে অভিযোগ করেছে তার পরিবার। শনিবার বিকেল সাড়ে পাঁচটার সময় গাংনী হাসপাতালের তার মৃত্যু হয়। এ ঘটনায় গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম সহ কর্তব্যরত চিকিৎসকদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিক্ষোভ শুরু করে রোগীর স্বজন ও স্থানীয়রা।

ইশরাক হোসেন পৌর এলাকার পশ্চিম আলতা দেওয়া গ্রামের রুস্তম আলীর ছেলে।

ইসরাফ হোসেনের ছোট ভাই মোস্তফা জানান, তারপর বিকেল বেলায় নিজ গ্রামের একটি মাঠে কাজ করার সময় অসুস্থ হয়ে পড়ে। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে আসে। জরুরি বিভাগে নেওয়ার পরে কর্তব্যরত চিকিৎসকরা চিকিৎসাসেবা দিতে গড়িমসি করে পরে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম কে তার বাসভবনে ডাকতে গেলে তিনিও রোগীর সেবা দিতে এগিয়ে আসেনি বলে অভিযোগ করেন তিনি।

নিহতের স্বজন সাবেক ফুটবলার সেন্টু জানান, তার রোগীর চিকিৎসার জন্য ডাক্তারদের কাছে আকুতি মিনতি করলেও তারা কোন কথায় কর্ণপাত না করে আমার ভাইকে মৃত্যুর মুখে ঠেলে দেয়।

ইসরাফ হোসেন এর নিকটাত্মীয় নাহার জানান, ডাক্তাররা দেখা তো দূরের কথা পেসার মাপতে ও এগিয়ে আসেনি। অবিলম্বে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে দাবি করেন তিনি।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা জানান, হাসপাতালে হট্টগোলের খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে উত্তেজিত রোগীর স্বজনদের শান্ত করা হয়। তবে রোগীর স্বজনরা জানিয়েছেন বিনা চিকিৎসায় ইশরাক হোসেন এর মৃত্যু হয়েছে।

গাংনী পৌরসভার সাবেক প্যানেল মেয়র নবীরউদ্দীন বলেন একটা রোগী বিনা চিকিৎসায় মারা যাবে এটা কাম্য হতে পারে না। বিনা চিকিৎসায় ইশরাফ হোসেনের মৃত্যু দুঃখজনক। বিষয়টি খতিয়ে দেখে অভিযুক্তদের

বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি করেন তিনি।

গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক জানান বিনা চিকিৎসায় রোগীর মৃত্যুর খবর পেয়ে হাসপাতালে গিয়ে কর্মরত চিকিৎসকদের সাথে কথা বলি এবং সকলকে শান্ত থাকার আহ্বান জানায়।

তবে বিনা চিকিৎসায় রোগীর মৃত্যুর ঘটনাটি মেহেরপুর জেলা প্রশাসক ও সিভিল সার্জন কে বিষয়টি অবগত করা হবে। গাংনী হাসপাতালের রোগীদের চিকিৎসা নিশ্চিত করতে ডাক্তারদের প্রতি আহ্বান জানান তিনি।

গাংনী থানার ওসি মোঃ ওবায়দুর রহমান জানান, রোগী মৃত্যুর ঘটনায় উত্তেজনার খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছে বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলমের সাথে এ বিষয়ে কথা বলতে চাইলে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরের সিভিল সার্জন মোহাম্মদ নাসির উদ্দিন জানান, বিনা চিকিৎসায় রোগীর মৃত্যুর খবর আমাকে কেউ জানায়নি তবে ওই পরিবার থেকে কেউ লিখিত অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরের সকল প্রবেশপথে আজ থেকে নিরাপত্তা চৌকি

করোনা প্রতিরোধে আজ শুক্রবার থেকে মেহেরপুর জেলার সকল প্রবেশপথে নিরপত্তা চৌকি বসানো হচ্ছে বলে জানিয়েছেন জেলা প্রশাসক মো: আতাউল গনি।

আজ শুক্রবার দুপুরে তাঁর ফেসবুক টাইমলাইনে তিনি এ তথ্য দিয়েছেন। তিনি বলেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নির্দেশে জেলার সকল প্রবেশপথে নিরাপত্তা চৌকি বসানো হচ্ছে।

বিস্তারিত আসছে..

গাংনীর পল্লীতে পূর্ব শত্রুতার জেরে হামলা বাড়িতে আগুন, নারীসহ আহত-৩

মেহেরপুরের উপজেলার পল্লী জালশুকা গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে হামলার ঘটনা ঘটেছে। এতে নারীসহ তিনজন আহত হয়েছে।

ঘটনাটি ঘটেছে গত মঙ্গলবার (০৭-০৪-২০২০ ইং) সন্ধ্যায় উপজেলার জালশুকা গ্রামের বালিপাড়া নামক স্থানে।

আহতরা হলো, মৃত গনজের হোসেন এর ছেলে মোঃ ইসরাইল হোসেন, মোঃ মিকাইল হোসেন ও ইসরাইল হোসেন এর স্ত্রী মোছাঃ রোজিয়া খাতুন।

এ ঘটনায় আহত মোঃ ইসরাইল হোসেন বাদী হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সুত্রে প্রকাশ, পূর্ব শত্রুতার জের ধরে ঘটনার দিন সন্ধ্যার দিকে আহতদের হামলাকারিরা গালিগালাজ করলে কথা কাটাকাটি শুরু হয়। কথাকাটাকাটির এক পর্যায়ে হামলাকারি মিনারুল ইসলামের ছেলে ইমরান হোসেন (২২), মোঃ হায়াত আলির ছেলে মোঃ জিনা আলি (৪৫), মোঃ মালেকের ছেলে জসিম উদ্দিন (২৫), শহিদুল ইসলামের ছেলে মোঃ সোহেল রানা (২৯), মুনছুর আলির ছেলে, মোঃ মুকুল হোসেন
(৫৫) ও তরিকুল ইসলাম (২৮) সকলে মিলে রামদা, বাশের লাঠি ও লোহার রড সহ দেশীয় অস্ত্র দিয়ে অভিযোগকারি মোঃ ইসরাইল হোসেন তার ভাই মোঃ মিকাইল হোসেন ও স্ত্রী মোছাঃ রোজিয়া খাতুনের উপর হামলা করে। এতে তারা মারাত্মক আহত হয়। পরে স্থানীয় ও প্রতিবেশীরা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। সেখানে তাদের ভর্তি করা হয়।

এদিকে এ হামলার ঘটনার পর একই দিনে গভীর রাতে বাড়িতে রাখা পাটকাঠির গাদায় আগুন লাগিয়ে দেয়। এতে প্রায় তাদের ১০ হাজার টাকা

ক্ষতি হয়েছে বলে অভিযোগ সুত্রে প্রকাশ।

আহতদের পরিবার সুত্রে জানা যায়, আহত ইসরাইলের অবস্থা অবনতি হওয়ায় তাকে আজ শুক্রবার কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, হামলার ঘটনায় অভিযোগ পেয়েছি। তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে সনো ল্যাবের বিরুদ্ধে ভুল রিপোর্টের অভিযোগ

মেহেরপুরের গাংনীর কাঞ্চন মালা (২২) নামের এক রোগীর রক্তের ভুল রিপোর্ট দেওয়ার অভিযোগ উঠেছে সনোল্যাবের বিরুদ্ধে। তবে সনোল্যাব কর্তৃপক্ষের দাবি প্রিন্ট মিসটেকের কারণে এই ভুল হয়েছে। প্রতিষ্ঠানের রেজিষ্টারে সঠিক রিপোর্ট উঠানো হয়েছে।

কাঞ্চন মালা গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রামকৃষ্ণপুরের রানার স্ত্রী।

রোগীর পরিবারের লোকজন জানান, গত ১২ মার্চ মেহেরপুর শহরের হাসপাতাল এলাকার সনোল্যাবে কাঞ্চন মালার রক্তের গ্রুপ নির্নয় করা হয়। সেখানে নিলিম চদ্র দাস নামের এক মেডিকেল টেকনোলজির স্বাক্ষরিত রক্তের গ্রুপ বি পজেটিভ বলে রিপোর্ট প্রদান করে।

বুধবার রানার স্ত্রী কাঞ্চন মালার সিজারিয়ান অপারেশনের জন্য মেহেরপুর এ্যাপোলো ক্লিনিকে ভর্তি করা হয়। অপারেশনের জন্য সেখানে রক্ত সংগ্রহ করতে বলেন তারা। কাথুলি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মজিবুল হক এর রক্তের সাথে মিল থাকায় আগে থেকে রক্ত একটি ব্যাগে রাখা হয়।

পরে কাঞ্চন মালা ও আমার রক্তের গ্রুপ ও ক্রস ম্যাসিং করতে গেলে

রক্তের গ্রুপ নিয়ে বিভ্রান্তি তৈরি হয়। এর পরপরই রাবেয়া মেডিকেল সার্ভিসেস ও প্রাইম ল্যাবে কাঞ্চনমালার রক্ত পরীক্ষা করা হয়। সেখানে তার রক্ত এবি পজেটিভ বলে রিপোর্ট প্রদান করা হয়।

এ বিষয়ে সনোল্যাব সত্তাধীকারী জেপি আগরওয়ালা বলেন, এটা টাইপ মিসটেক হয়েছে। আমাদের রেজিস্ট্রার খাতায় সঠিক লেখা ছিল। আমাদের ওই টেকিনিশিয়ানকে সতর্ক করে দেওয়া হয়েছে।

সাংবাদিক লিংকনের বাবার ইন্তেকাল : বিভিন্ন মহলের শোক

চ্যানেল ফোর টেলিভিশন ও দৈনিক সময়ের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি এমএ লিংকন-এর বাবা এবং মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ মকবুল হোসেনের চাচা আব্দাল হক মিয়া ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি কয়েক বছর যাবত বিভিন্ন রোগে ভূগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর। আব্দাল হক ৩ ছেলে ও ১ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

গতকাল বুধবার দিবাগত রাত ৯টা ৪০ মিনিটের সময় বার্ধক্যজনিত কারণে মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের মিনাপাড়া গ্রামের নিজ বাসভবনে অাব্দাল হক মারা যান।

মরহুম আব্দাল হক মিয়ার জানাজা নামাজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় মিনাপাড়া গ্রামে অনুষ্ঠিত হবে। জানাজা শেষে পারিবারিক গোরস্থান ময়দানে দাফন সম্পন্ন হবে বলে জানান, তার ছেলে সাংবাদিক এম.এ লিংকন।

এদিকে আব্দাল হক মিয়ার মৃত্যুতে বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ শোক প্রকাশ করেছেন।

কাজীপুরে ১শ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন এর ৪নং ওয়ার্ড সাহেবনগর গ্রামের ১০০টি অসহায় পরিবারকে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা ছাত্রলীগের তথ্য ও গবেষণা সম্পাদক মুজাক্কির মুর্শিদ অনিক , সততা স মিলের মালিক আবদুল্লাহ আল ফারুক সুজন ও পিরতলা পুলিশ ফাঁড়ির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আতিউর রহমান অপু’র উদ্যোগে গ্রামের অসহায়দের এসকল সামগ্র বিতরণ করা হয়।

গাংনীতে কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সহায়তা

করোনা ভাইরাস এর প্রাদূর্ভাবের কারণে কর্মহীন পরিবারের মধ্যে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১০টার দিকে প্রয়াত সচিন্দ্র নাথ বিশ্বাসের পরিবারের সদস্যদের উদ্যোগে এ খাদ্য সহায়তা প্রদান করা হয়। প্রায় ২শ’২০ জন মুসলিম, হিন্দু, খ্রিস্টান ধর্ম’র কর্মহীন পরিবারের মধ্যে এ খাদ্য সহায়তা প্রদান করা হয়।

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোঃ সাহিদুজ্জামান খোকন উপস্থিত থেকে এ খাদ্য সহায়থা প্রদান করেন।

এ সময় তিনি প্রয়াত সচীন্দ্র নাথ পরিবারকে ধন্যবাদ জানিয়ে বলেন, দেশের এই ক্রান্তী লগ্নে এই পরিবার ধর্ম বর্ণ নির্বিশেষে সাধ্যমত সকল কর্মহীন পরিবারের মধ্যে খাদ্য সহায়তা প্রদান করেছেন এটাকে দেখে সমাজের অন্যান্য বিত্তবান মানুষ এগিয়ে আসবেন।

এ সময় তিনি উপস্থিত সকলকেই সচেতনভাবে চলা ফেরা করার জন্য পরামর্শ

দেন।

খাদ্য সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রয়াত সচীন্দ্র নাথ বিশ্বাসের সহ ধর্মিনী রেখা রানী বিশ্বাস, সন্তান ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিনিয়র টেকনিক্যাল অফিসার ড. অশোক চন্দ্র বিশ্বাসসহ পরিবারের সকলে উপস্থিত ছিলেন।

গাংনীতে হেরোইনসহ একজন আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ গ্রাম হেরোইন সহ সোহেল(৩৪) নামের এক মাদক ব্যবসায়ী কে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।

আজ রবিরার বিকালে গোপন সংবাদের ভিত্তিতে গাংনীর হিন্দা বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী গাংনীর আড়পাড়া গ্রামের জাফর আলীর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশ জানায়, পুলিশ সুপার এস এম মুরাদ আলির নির্দেশে গতকাল বিকালে ৫০ গ্রাম হেরোইন সহ মাদক ব্যবসায়ী সোহেলকে গ্রেফতার করা হয়। যার অনুমান মুল্য পাচ লক্ষ টাকা, এ বিষয়ে মাদক দ্রব্য আইনে মামলা করা হয়েছে।